গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নং-১৮.০২৪.০১৪.০০২.০২০.২০১৭/৩৯ তারিখঃ ২৩ মার্চ ২০২০

**বিষয়ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী এর সভাপতিত্বে গত ০৮/০৩/২০২০ তারিখে অনুষ্ঠিত নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ৪ (চার) পাতা।

২৩/৩/২০২০
মোঃ মনিরুজ্জামান মিঞা
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান, ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/চবক/সংস্থা/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট/উন্নয়ন/প্রশাঃ/টিএ/টিসি/আইন/চবক/বাস্থবক), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, হালিশহর, চট্টগ্রাম।
১৭। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৯। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (১/২/৩/৪/৫) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৪। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।

MUNUTS LETTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব খালিদ মাহ্‌মুদ চৌধুরী, এম.পি
প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ০৮/০৩/২০২০

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

স্থান ঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার অনুরোধ জানান। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বলেন যে, অদ্যকার সভায় ২০১৯-২০ অর্থবছরের উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। তিনি সভার শুরুতে সংস্থা ভিত্তিক আর্থিক অগ্রগতির তথ্য সভায় উল্লেখ করেন। এছাড়া একটি গুণগত মানসম্পন্ন এডিপি সভার কার্যপত্র প্রণয়নের লক্ষ্যে প্রকল্পওয়ারি জুন/২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি (বাস্তব এবং আর্থিক), চলতি অর্থ বছরের প্রকল্পওয়ারি ক্রমপুঞ্জিত অগ্রগতিসহ (আর্থিক ও বাস্তব) এবং প্রকল্প বাস্তবায়নের চ্যালেঞ্জসহ কার্যপত্র প্রণয়নের উপর গুরুত্বারোপ করেন। অতঃপর তিনি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৪৯টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ৪৭১৩.৭১ কোটি টাকার বিপরীতে ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত মোট ব্যয় হয়েছে মাত্র ১১৮৩.৯৬ কোটি টাকা, যা বরাদ্দের ২৫.১১%। উক্ত অগ্রগতি ২০১৯-২০ অর্থ বছরের ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত জাতীয় গড় ৩৭% এর তুলনায় কম। সভাকে অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত এডিপির অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ৪০টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ৩০১৩.৪৪ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮৯৪.৭০ কোটি টাকা, যা মোট বরাদ্দের ২৯.৭০%। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ৯টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১৬৯৯.৮৭ কোটি টাকার বিপরীতে ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত ব্যয় হয়েছে ২৮৯.২৬ কোটি টাকা, যা মোট বরাদ্দের ১৭.০১%। তিনি আরও বলেন যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রস্তাবিত আরএডিপি বরাদ্দ অনুযায়ী ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত অগ্রগতি ৩৩.২৯%।

২.২। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়ের এডিপিভুক্ত প্রকল্পগুলোর সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পভিত্তিক বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির নিম্নরূপ চিত্র তুলে ধরা হয়ঃ

(কোটি টাকায়)

| ক্রম | সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৯-২০ অর্থ বছরের এডিপির বরাদ্দ | ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| ১ | বিআইডব্লিউটিএ | ২০ | ১৫০০.০২ | ৪২৮.২৩ (২৮.৫৫%) |
| ২ | বিআইডব্লিউটিসি | (২+১) | ১২৯.২৫ | ২২.২০ (১৬.৮০%) |

| ক্রম | সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৯-২০ অর্থ বছরের এডিপির বরাদ্দ | ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত আর্থিক অগ্রগতি (%) |
|---|---|---|---|---|
| ৩ | মোংলা বন্দর কর্তৃপক্ষ | (৪+১) | ৩৩৬.০০ | ১৮৩.৬১ (৫৪.৮১%) |
| ৪ | স্থল বন্দর কর্তৃপক্ষ | ৬ | ১১০.০০ | ২০.০৫ (১৮.২৩%) |
| ৫ | নৌপরিবহন মন্ত্রণাঃ | ১ | ১০০.০০ | ৩৯.৭৭ (৩৯.৭৭%) |
| ৬ | পায়রা বন্দর কর্তৃপক্ষ | ২ | ৭১৩.০০ | ১৪৪.৯০ (২০.৩২%) |
| ৭ | চবক | (১+৭) | ১৬৯১.০৫ | ২৯০.৭৩ (১৭.১৯%) |
| ৮ | নৌপরিবহন অধিঃ | ২ | ৯৪.৯৯ | ৪৬.৫৩ (৪৮.৯৮%) |
| ৯ | এন এম আই | ১ | ৩০.০০ | ৩.৯৫ (১৩.১৭%) |
| ১০ | জাতায় নদী রক্ষা কমিশন | ১ | ৯.০০ | ৩.৫৫ (৩৯.৪৫%) |
| মোট | | (৪০+৯) ৪৯ | ৪৭১৩.৩১ | ১১৮৩.৯৬ (২৫.১১%) |

৩.০। অত:পর সভায় ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **এডিপি সভার কার্যপত্রঃ** এডিপির সভার কার্যপত্র নিয়ে সভায় আলোচনা হয়। প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি এবং প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসহ উল্লেখপূর্বক একটি অধিকতর গুণগতমান সম্পন্ন কার্যপত্র ও প্রকল্পভিত্তিক পাওয়ার পয়েন্ট উপস্থাপনাসহ এডিপি পর্যালোচনা সভা পরিচালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পওয়ারি আর্থিক ও বাস্তব অগ্রগতি এবং প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসহ একটি অধিকতর গুণগতমান সম্পন্ন কার্যপত্র প্রণয়ন এবং পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পরবর্তী সভাগুলোতে প্রদান করতে হবে। | মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং |
| ৩.২ | **প্রশিক্ষণঃ** সভায় আলোচিত হয় যে, প্রতিটি সংস্থার পরিকল্পনা বিভাগকে দক্ষ করে গঠে তোলার জন্য কতজনকে দেশে এবং বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার সুনিদিষ্ট তথ্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রতিটি সংস্থার পরিকল্পনা বিভাগকে দক্ষ করে গঠে তোলার জন্য কতজনকে দেশে এবং বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার সুনিদিষ্ট তথ্য প্রদান করতে হবে। | সংস্থা প্রধানগণ |
| ৩.৩ | **ডিজিটাল আর্কাইভ গঠনঃ** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রতিটি সংস্থায় আর্কাইভ না করে সংস্থার তথ্যসহ শুধুমাত্র মন্ত্রণালয়ে একটি ডিজিটাল আর্কাইভ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় এবং বিষয়টি মন্ত্রণালয়ের প্রশাসন উইং এর আওতায় একটি কমিটি গঠনের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সকল সংস্থার তথ্যসহ শুধুমাত্র মন্ত্রণালয়ে একটি ডিজিটাল আর্কাইভ করতে হবে এবং এ বিষয়ে মন্ত্রণালয়ের প্রশাসন উইং হতে একটি কমিটি গঠনের মাধ্যমে বিষয়টি সম্পন্ন করতে হবে। | মন্ত্রণালয়ের প্রশাসন উইং |

| ক্র:ন | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৪ | **মাদারীপুর শীপ পার্সোনাল ট্রেনিং ইনস্টিটিউট স্থাপন (২য় সংশোধিত)**: সভায় জানানো হয় যে, উক্ত প্রশিক্ষণ ইনস্টিটিউটে ছাত্র ভর্তি করা হয়েছে কিন্তু জনবল এখনো সৃষ্টি হয়নি। এ বিষয়ে সংস্থা প্রধান এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) কে জরুরি ব্যবস্থা গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | মাদারীপুর শীপ পার্সোনাল ট্রেনিং ইনস্টিটিউট এর জনবল রাজস্ব খাতে সৃষ্টির জন্য সংস্থা প্রধান এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সংস্থা প্রধান এবং অতিরিক্ত সচিব(সংস্থা-১) |
| ৩.৫ | **নির্মাণাধীন সন্দ্বীপ জেটিঃ** সভায় জানানো হয় যে, নির্মাণাধীন সন্দ্বীপ জেটিতে চর জেগে উঠার কারণে ভাটার সময়ে যাত্রীগণ জেটি ব্যবহার করতে পারে না সেজন্য সভায় জেটির সামনে জেগে উঠা চর খনন করে জেটিটি সব সময় ব্যবহার উপযোগী করার জন্য গুরুত্বারোপ করা হয়। | নির্মাণাধীন সন্দ্বীপ জেটিতে জোয়ার এবং ভাটায় অর্থাৎ সবসময় ব্যবহারে জন্য জেটির সামনে জেগে উঠা চর খনন করতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.৬ | **নগর বাড়ীতে আনুষংগিক সুবিধাদিসহ নদী বন্দর নির্মাণঃ** প্রায় এক বৎসর অতিবাহিত হলেও এখনো নগর বাড়ী প্রকল্পের ভূমি অধিগ্রহণ করা যায়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক এবং সংস্থা প্রধানকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | নগর বাড়ী প্রকল্পের ভূমি অধিগ্রহণের জটিলতা থাকলে তা মন্ত্রণালয়কে লিখিত জানাতে হবে এবং এ বিষয়টি সমাধানের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.৭ | **বালাশী-বাহাদুরাবাদ ফেরি ঘাটসহ স্থাপনাদি নির্মাণঃ** সভায় জানানো হয় যে, বালাশী বাহাদুরাবাদ চ্যানেল খনন করে নাব্যতা সৃষ্টি করা হয়েছে। এ মুহূর্তে উক্ত রুটে ফেরি চলাচলের জন্য বিআইডব্লিউটিসি হতে ২টি ফেরি প্রদান জরুরি। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | বালাশী-বাহাদুরাবাদ ফেরি রুটে চলাচলের জন্য বিআইডব্লিউটিসি ২টি ফেরি শীঘ্রই নিয়োজিত করবে। | সংস্থা প্রধানগণ বিআইডব্লিউটিসি |
| ৩.৮ | **পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়নঃ** সভায় আলোচিত হয় যে, ফাষ্ট ট্র্যাক প্রকল্প হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভায় যে সমস্ত সিদ্ধান্ত গৃহীত হয় সেগুলো পটুয়াখালী ডিসি অফিসকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পায়রা ফাষ্ট ট্র্যাক প্রকল্প এর উপর প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত পটুয়াখালী ডিসি অফিসকে অবহিত করতে হবে। | সংস্থা প্রধান পায়রা বন্দর কর্তৃপক্ষ |
| ৩.৯ | **জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পঃ** সভায় আলোচিত হয় যে, প্রকল্পটি সংশোধনের জন্য পরিকল্পনা কমিশনে প্রাক্রিয়াধীন রয়েছে। প্রকল্পটি দ্রুত অনুমোদনের লক্ষ্যে প্রকল্প পরিচালক সার্বক্ষণিক পরিকল্পনা কমিশনে যোগাযোগ রক্ষা করবে এবং এ বিষয়টি মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট উইংকে তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম স্থাপন সংশোধিত প্রকল্পটি অনুমোদনের নিমিত্ত প্রকল্প পরিচালক সার্বক্ষণিক পরিকল্পনা কমিশনে সাথে যোগাযোগ রক্ষা করবে এবং মন্ত্রণালয় হতে বিষয়টি তদারকি করবে। | প্রকল্প পরিচালক এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং |
| ৩.১০ | **বাল্লা স্থল বন্দর উন্নয়নঃ** সভায় জানানো হয় যে, বাল্লার জন্য অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ভূমির মূল্য অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে। সংস্থা প্রধানকে ডিসি অফিসের সাথে যোগাযোগ করে বিষয়টি দ্রুত সমাধান করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | বাল্লা স্থল বন্দর উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ভূমির মূল্য অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় বিষয়টি সমাধানের জন্য সংস্থা প্রধান ডিসি অফিসের সাথে যোগাযোগ করে দ্রুত সমাধান করবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.১১ | **চট্টগ্রাম-সন্দ্বীপ- হাতিয়া-বরিশাল রুটে দক্ষ যাত্রী সার্ভিস পরিচালনার লক্ষ্যে দু'টি যাত্রীবাহী জাহাজ নির্মাণ:** সভায় | চট্টগ্রাম-সন্দ্বীপ- হাতিয়া-বরিশাল রুটে দক্ষ যাত্রী সার্ভিস পরিচালনার | সংস্থা প্রধান এবং |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | আলোচিত হয় যে, জাহাজ দু'টো সময়মত ডেলিভারী না দেয়ায়, যতই দিন যাচেছ ততই সরকারের রাজস্ব আদায় কমছে। উক্ত প্রকল্পের আওতায় দু'টো জাহাজ ঈদুল ফেতরের আগে সরবরাহ নেয়ার বিষয়ে প্রকল্প পরিচালক এবং সংস্থা প্রধানকে ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | লক্ষ্যে দু'টি যাত্রীবাহী জাহাজ নির্মাণ প্রকল্পের আওতায় নির্মিতব্য জাহাজ দু'টো ঈদুল ফেতরের আগে সরবরাহ নেয়ার ব্যবস্থা নিতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.১২ | **বুড়িগংঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীর ভুমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষংগিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)ঃ** সভায় উক্ত প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আলোচিত হয় এবং কার্যাদেশকৃত সকল কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়নের জন প্রকল্প পরিচালক ক্লোজড মনিটরিং করবে এবং যে সমস্ত কার্যাদেশ এখনো প্রদান করা যায়নি সেগুলো দ্রুত প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | বুড়িগংঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীর ভুমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষংগিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় এ যাবত কতগুলো কার্যাদেশ প্রদান করা হয়েছে সেগুলোর কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে এবং যে কয়টির কার্যাদেশ এখনো প্রদান করা যায়নি সেগুলো দ্রুত প্রদানের ব্যবস্থা নিতে হবে। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.১৩ | **কর্ণফুলী নদীর ড্রেজিং কার্যক্রমঃ** সভায় আলোচিত হয় যে, সচিব মহোদয় শীঘ্রই মাতারবাড়ী পোর্ট সফর করবেন সে সময় কর্নফুলী নদীর ড্রেজিং এর জন্য গঠিত কারিগরী কমিটির সভাটি তিনি সে সময় করতে পারেন। | সচিব মহোদয় শীঘ্রই মাতারবাড়ী পোর্ট সফর করবেন। সে সময় কর্নফুলী নদীর ড্রেজিং এর জন্য গঠিত কারিগরী কমিটির সভাটি অনুষ্ঠানের লক্ষ্যে সুবিধামত সময় দিতে পারেন। | সচিব নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৩.১৪ | **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** গত বৎসর উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ছিল ৯৯% এর অধিক। চলতি বৎসর ফেব্রুয়ারি পর্যন্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কম হলেও জুন' ২০২০ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের পরোটাই ব্যয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি ত্বরান্বিত করার ক্ষেত্রে প্রকল্প পরিচালক/সংস্থা প্রধানগণ যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ৩.১৫ | **সমাপ্য প্রকল্পঃ** চলতি ২০১৯-২০ অর্থ বছরে ১৬টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত আছে (এডিপিভূক্ত ১৩টি এবং নিজস্ব অর্থায়নে ৩টি)। প্রকল্পগুলো সমাপ্তির লক্ষ্যে জোর কার্যক্রম চালাতে হবে। | সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ বাস্তবায়নে জোর প্রচেষ্টা গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই এ সকল প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাবে না। | সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |

৪.০। নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ বছরের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিকল্পিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদনের জন্য এখন থেকেই উদ্যোগ গ্রহণ করতে হবে। সরকারের সকল নিয়ম কানুন মেনে অর্থ বৎসর শেষ হওয়ার আগেই প্রকল্পের কার্যক্রমে গুণগতমান বজায় রেখে এডিপি বরাদ্দের সর্ব্বোচ ব্যবহারের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। সভায় শুষ্ক মৌসুমকে কাজে লাগিয়ে প্রকল্পের কাংখিত অগ্রগতি সাধনের জন্য মাননীয় প্রতিমন্ত্রী সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী (Proactive) হয়ে কাজ করার আহবান জানান।

৫.০। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খালিদ মাহমুদ চৌধুরী, এম পি)
প্রতিমন্ত্রী